



তথ্যবিবরণী

নম্বর-১৯৪

রাজশাহীতে স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টার সাথে আইন-শৃঙ্খলা বাহিনী ও কৃষি দপ্তরের কর্মকর্তাদের মতবিনিময় সভা

রাজশাহী; ২৭ মাঘ (১০ ফেব্রুয়ারি):

আজ (১০ ফেব্রুয়ারি) সোমবার সকালে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে স্বরাষ্ট্র ও কৃষি মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরীর সাথে সশস্ত্রবাহিনী এবং কৃষি দপ্তরের কর্মকর্তাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় মো. জাহাঙ্গীর আলম সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতির বিভিন্ন দিক তুলে ধরে বলেন, মানবিক ও পরিবেশের দিকে খেয়াল রেখে আইনশৃঙ্খলা পরিচালনার ক্ষেত্রে সবাই সহযোগিতাপূর্ণ আচরণ করবেন। কেউ যাতে আইন নিজের হাতে তুলে না নেন সেদিকে সজাগ থাকতে হবে। নতুন কোনো আয়নাঘর যাতে সৃষ্টি না হয় সেদিকে সতর্ক থাকতে হবে।

তিনি বলেন, মব জাস্টিস নিয়ন্ত্রণের পাশাপাশি জনগণের ভোগান্তি দূর করতে কার্যকর ব্যবস্থা নিতে হবে। অযৌক্তিক দাবি দাওয়া না করে সুনির্দিষ্ট মাধ্যমে দাবি করার আহ্বান জানান তিনি। উপদেষ্টা মাদক নিয়ন্ত্রণের জন্য মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরকে যথাযথ সহযোগিতার জন্য বিভাগীয় কমিশনার ও আইনশৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষণ করেন।

তিনি আরও বলেন, হাইওয়ে পুলিশ সতর্ক হলে চাঁদাবাজি অনেক কমে যাবে। তাই হাইওয়ে পুলিশকে সতর্ক থাকার নির্দেশ দেন এবং সরকারের সিদ্ধান্ত অনুযায়ী কাজ করতে ও দুর্নীতি বন্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

কৃষি বিষয়ে তিনি বলেন, সবজির দাম একেবারে কমে গেলে কৃষকের ক্ষতি। সেজন্য ছোট ছোট কোল্ডস্টোরেজে সবজি সংরক্ষণের জন্য উদ্যোগ নেওয়া হবে। সারের কোনো সংকট নেই উল্লেখ করে তিনি বলেন, সার ও বীজের দাম যাতে না বাড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে। অনাবাদী জমি ফেলে না রেখে চাষের আওতায় আনা এবং উদ্যোক্তা তৈরির দিকে গুরুত্বারোপ করেন তিনি।

উন্মুক্ত আলোচনায় বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনী ও কৃষি দপ্তরের কর্মকর্তারা তাদের সমস্যার কথা তুলে ধরেন।

মতবিনিময় সভায় রাজশাহী বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ, পুলিশের মহাপরিদর্শক বাহারুল আলম, পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতার প্রমুখ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৭:২০ঘ.

